



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ইসলামী বিশ্ববিদ্যালয় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে গবেষণা সহযোগিতা
সংক্রান্ত সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত



২৪ নভেম্বর-২০২২, বৃহস্পতিবার, বেলা ২টায় ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর মাঝে গবেষণা সহযোগিতার জন্য সমঝোতা স্মারক চুক্তি (Memorandum of Understanding -MoU) স্বাক্ষর অনুষ্ঠান জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

এই চুক্তিটি ইসলামী বিশ্ববিদ্যালয়ের পক্ষে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ কর্তৃক স্বাক্ষরিত। এছাড়াও ইসলামী বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ এম আলী হাসান ও উপ-রেজিস্ট্রার চন্দন কুমার দাস এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান ও পরিচালক (গবেষণা) অধ্যাপক ড. পরিমল বালা স্বাক্ষরী হিসেবে চুক্তিতে স্বাক্ষর করেন।

এসময় ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শেখ আব্দুস সালাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ রইছ উদদীন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ গোলাম মোস্তফা, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



আবুল হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস. এম. মাসুম বিল্লাহ, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, পরিচালক (জনসংযোগ, তথ্য ও প্রকাশনা) অধ্যাপক চঞ্চল কুমার বোস, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, পরিচালক (ছাত্র-কল্যাণ) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, পরিচালক (অর্থ ও হিসাব) অধ্যাপক ড. কাজী নাসির উদ্দিন, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. একেএম লুৎফর রহমান এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এই চুক্তির আওতায়:- যৌথ গবেষণা, প্রকাশনা এবং অন্যান্য কার্যক্রম; আর্থ-সামাজিক বর্জন, বঞ্চনা এবং উপজাতীয় ও অন্যান্য পিছিয়ে পড়া জনগোষ্ঠীর অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি সম্পর্কিত বিষয়গুলিতে যৌথভাবে একাডেমিক ও গবেষণা কাজ করা; ল্যাবরেটরি, একাডেমিক ও গবেষণার সুবিধার পাশাপাশি অবকাঠামোগত সহায়তা প্রদান; একাডেমিক ও গবেষণা বৃদ্ধির জন্য অপরপক্ষকে পরামর্শদাতার পরামর্শ ও সহায়তা প্রদান; সম্ভাব্য পারস্পরিক একাডেমিক ও গবেষণার আগ্রহের ক্ষেত্রগুলি সনাক্তকরণ; শিক্ষা, গবেষণা এবং সুনির্দিষ্ট ক্ষেত্রগুলোতে শিক্ষক, শিক্ষার্থী এবং প্রশাসকদের পরিদর্শন ও অনানুষ্ঠানিক বিনিময়; একাডেমিক তথ্য ও উপকরণ বিনিময়; যৌথ গবেষণা, ওয়ার্কসপ, কনফারেন্স এবং সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণ; অন্যান্য বিষয়ে বিনিময় ও পারস্পরিক সহযোগিতামূলক কার্যক্রমসহ বিভিন্ন সুবিধা লাভ করবে ইসলামী বিশ্ববিদ্যালয় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়-এর শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা। প্রাথমিক পর্যায়ে এই চুক্তিটি তিন বছরের জন্য বলবৎ থাকবে।